

তারিখ: ২১ জুলাই ২০২৫

ড. মোঃ সবুর খান
চেয়ারম্যান, ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি
নবনির্বাচিত চেয়ারম্যান, বাংলাদেশ বেসরকারি বিশ্ববিদ্যালয় সমিতি (এপিইউবি)

বিষয়: এপিইউবি-এর চেয়ারম্যান নির্বাচিত হওয়ায় আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন

মাননীয় ড. মোঃ সবুর খান,

বাংলাদেশ বেসরকারি বিশ্ববিদ্যালয় সমিতি (এপিইউবি)-এর ২০২৫-২০২৭ মেয়াদের চেয়ারম্যান হিসেবে নির্বাচিত হওয়ায় রুপায়ন গ্রুপের- এর পক্ষ থেকে এবং ব্যক্তিগতভাবে আপনার প্রতি জানাচ্ছি হৃদয়ঙ্গম শুভেচ্ছা ও প্রাণঢালা অভিনন্দন।

আপনার এ নির্বাচিত হওয়া শুধু আপনার দূরদর্শী নেতৃত্বের স্বীকৃতি নয়, বরং দেশের বেসরকারি উচ্চশিক্ষা খাতের উন্নয়নে আপনার নিরলস পরিশ্রম, প্রজ্ঞা ও অগ্রণী ভূমিকারই এক গৌরবময় স্বীকৃতি। ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির মাধ্যমে আপনি ইতোমধ্যে উদ্ভাবন, উদ্যোক্তা তৈরি ও মানসম্মত শিক্ষার যে অনুকরণীয় দৃষ্টান্ত স্থাপন করেছেন, তা দেশের গণ্ডি পেরিয়ে আন্তর্জাতিক পরিমণ্ডলেও প্রশংসিত হয়েছে।

আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি, আপনার দক্ষ নেতৃত্বে এপিইউবি আরও সুসংগঠিত হবে, দেশের সকল বেসরকারি বিশ্ববিদ্যালয়ের মধ্যে সমন্বয় ও সহযোগিতা আরও বৃদ্ধি পাবে এবং উচ্চশিক্ষার গুণগত মান উন্নয়নে নতুন দিগন্ত উন্মোচিত হবে। আপনার স্বপ্ন ও নেতৃত্বে আমাদের নতুন শ্রদ্ধা আরও যোগ্য ও বিশ্বমানের নেতৃত্ব গড়ে তুলতে সক্ষম হবে।

আপনার নতুন দায়িত্ব পালনের জন্য রইল শুভকামনা ও সর্বাঙ্গীণ সাফল্যের প্রত্যাশা। আপনার নেতৃত্বে এপিইউবি আরও শক্তিশালী, যুগোপযোগী ও আন্তর্জাতিক মানের উচ্চশিক্ষা বিস্তারে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে — এ আমাদের দৃঢ় বিশ্বাস।

আপনার সুস্বাস্থ্য, দীর্ঘায়ু ও নিরন্তর সাফল্য কামনা করছি।

সর্বোচ্চ সম্মানসহ,

এল এ মুকুল
চেয়ারম্যান
রুপায়ন গ্রুপ

CORPORATE OFFICE: RUPAYAN CENTRE, 72 Mohakhali C/A, Dhaka-1212. Tel: +88 02-222286921, info@rupayangroup.com
Fax: +88-02-58814449. E-mail: chairman@rupayangroup.com, Web: www.rupayangroup.com